

সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-২ অধিশাখা।

স্মারক নং-৪৬.০৪৯.০১০.০২.০০.০০১.২০১৬/ ১৬

তারিখ-০১/০২/২০১৬ খ্রিঃ।


বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪৪ তম সভায় উপস্থাপনের লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কার্যালয়ের (রিপোর্টভুক্ত) অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব প্রেরণ প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কমিটি শাখা-১ এর স্মারক নং-১১.০০.০০০.৭৩১.০১.০০১.১৬.২৩, তারিখ-২৮/০১/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দশম বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪৪ তম বৈঠকে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কার্যালয়ের কপিতয় কর্মকর্তা/ডাক্তার/ইঞ্জিনিয়ার/প্রশাসনিক কর্মকর্তার বিষয়ে অনিয়মিতভাবে কার লোন গ্রহীতাদের গাড়ী রক্ষণাবেক্ষণ, গ্যাস ও জ্বালানী বাবদ ১৮,৬৮,৯৪৭/- টাকা প্রদানের কারণে উত্থাপিত অডিট আপত্তির বিষয়ে আলোচনা হবে। অতি জরুরী ভিত্তিতে আপত্তিটির জবাব মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে প্রেরণের আবশ্যিকতা রয়েছে।

এমতাবস্থায়, উত্থাপিত আপত্তিটির নিষ্পত্তিমূলক জবাব দশম বাংলাদেশ জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৪৪ তম বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে অডিট আপত্তির (রিপোর্টভুক্ত) অগ্রিম অনুচ্ছেদসমূহের ৪(চার) সেট প্রমাণকসহ নিষ্পত্তিমূলক জবাব এবং জবাবের সিডি/পেনড্রাইভ আগামী ০৪/০২/২০১৬ তারিখের মধ্যে বিশেষবাহক মারফত প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রধান নির্বাহী কর্মকর্তা  
চট্টগ্রাম সিটি কর্পোরেশন  
চট্টগ্রাম।

  
(মোঃ মিজানুর রহমান মজুমদার)  
সহকারী সচিব  
ফোন-৯৫৪০৩২৬।

কার্যার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। যুগ্ম-সচিব (কমিটি সাপোর্ট) ও কমিটি সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
- ০৪। যুগ্ম-সচিব (অডিট/সিটি কর্পোরেশন), স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ০৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। সংরক্ষণ নথি।